



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ  
[www.bb.org.bd](http://www.bb.org.bd)

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৭

৩০ আষাঢ় ১৪২৯

তারিখঃ -----

১৪ জুলাই ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

ব্রাহ্মণবাড়িয়া জেলার নাম বি-বাড়িয়া না লিখে ব্রাহ্মণবাড়িয়া লেখার নির্দেশনা অবহিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর ০৪ জুলাই ২০২২ তারিখের সূত্র নম্বর-৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.২১১-এর প্রেক্ষিতে সকল দাপ্তরিক কাজে ব্রাহ্মণবাড়িয়া জেলাকে বি-বাড়িয়ার পরিবর্তে ব্রাহ্মণবাড়িয়া লেখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তিঃ (বর্ণনা মোতাবেক)।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

পরিচালক (ডিওএস)

ফোন : ৯৫৩০০৯৩



নম্বর - ৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.২১১


তারিখ: ২০ আষাঢ়, ১৪২৯  
০৪ জুলাই, ২০২২

বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলার নাম বি-বাড়িয়া না লিখে ব্রাহ্মণবাড়িয়া লেখার নির্দেশনা অবহিতকরণ।  
সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১২.৮২.০০৪.১৭.২৫৯ তারিখ ২৮-০৬-২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলা সূচনালগ্ন থেকে ব্রাহ্মণবাড়িয়া হিসেবে পরিচিত এবং ১২.০২.১৯৮৪ সালের S.R.O. 61-L/84/MER (JA-2)/264/83-85 -এর মাধ্যমে এ জেলার নাম ব্রাহ্মণবাড়িয়া নামে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। একটি মহল কর্তৃক ব্রাহ্মণবাড়িয়া জেলাকে বি-বাড়িয়া জেলা নামে প্রচার করার ফলে বিভিন্ন দাপ্তরিক যোগাযোগ, ব্যবসা প্রতিষ্ঠানের সাইনবোর্ড, মহাসড়কে স্থাপিত ওভারহেড ডিরেকশনাল সাইন বোর্ড, কিলোমিটার পোস্ট ও বিলবোর্ডগুলোতে ব্রাহ্মণবাড়িয়া নামের পরিবর্তে বি-বাড়িয়া নামের প্রচলন শুরু হয়, যা এখনো বিদ্যমান রয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং তাদের আওতাধীন দপ্তরসমূহের চিঠিপত্র এবং রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের সরকারি সফরসূচিতে ব্রাহ্মণবাড়িয়া জেলার নাম বি-বাড়িয়া লিখে পত্র যোগাযোগ অব্যাহত রয়েছে। প্রকৃত পক্ষে সরকারিভাবে বি-বাড়িয়া নামে কোন জেলা নেই।

বর্ণিতাবস্থায়, সকল দাপ্তরিক কাজে ব্রাহ্মণবাড়িয়া জেলাকে বি-বাড়িয়ার পরিবর্তে ব্রাহ্মণবাড়িয়া লিখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- সংযুক্তিঃ (১) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র।  
(২) ব্রাহ্মণবাড়িয়া নামকরণের গেজেটের কপি।  
(৩) জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া'র পত্র।

  
(মীনাক্ষী বর্মন)  
উপসচিব  
ফোন: ৫৫১০০৮৫৮  
ds.admin@fid.gov.bd

গভর্নর  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা

অনুলিপিঃ

১. সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)